

তারিখঃ ০১/১২/২০২১খ্রিঃ তারিখে উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী নিম্নরূপ :

সভাপতি : জনাব মোছাঃ রোকেয়া বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, পাংশা, রাজবাড়ী।

সভার তারিখ : ০১/১২/২০২১খ্রিঃ

বেলা : ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংরক্ষিত।

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম। সভার শুরুতে তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উহাতে কারও আপত্তি না থাকায় উহার সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণের নিমিত্ত গম- ১২৭০ জন, ভুট্টা -১৫০ জন, সরিষা -১০৮০ জন, সূর্যমুখী- ৬০০ জন, মসুর- ৫০০ জন, চিনাবাদাম -১০৫০ জন, শীতকালীন পেঁয়াজ -৩৬০ জন, খেসারী -৫০ জন শীতকালীন-৮০ জন মোট ৫১৪০ জন কৃষকের প্রণোদনা পাওয়া গেছে। তিনি আরও জানান যে, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইউনিয়ন ওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করে দেওয়া হয়েছে। বর্তমানে তালিকা প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে এবং অতি দ্রুত নীতিমালা অনুসরণ করে বিতরণ করা হবে।

মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম বলেন যে, প্রণোদনার সকল কার্যক্রম কৃষি মন্ত্রণালয় থেকে প্রদত্ত নীতিমালা অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। এছাড়া তিনি আরও জানান যে, যার যার উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন কোন অবস্থাতেই একজনের উপকরণ আর একজনের কাছে দেওয়া যাবে না।

সিদ্ধান্ত : ০১ঃ- প্রণোদনার সকল উপকরণ উপজেলা হেড কোয়ার্টার থেকে বিতরণ করতে হবে।

০২ঃ - প্রণোদনার সকল কার্যক্রম কৃষি মন্ত্রণালয় থেকে প্রদত্ত নীতিমালা অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।

০৩ঃ- বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রদর্শনীর ফসলসহ সকল ফসলের উৎপাদন নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোছাঃ রোকেয়া বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান

ও


সভাপতি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি  
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং-৫৭৮

তারিখ : ২/১২/২০২১ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৩) উপজেলা.....অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৪) চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৫) অফিস নথি



রতন কুমার ঘোষ  
উপজেলা কৃষি অফিসার  
ও

সদস্য সচিব, কৃষি ও সেচ স্থায়ী কমিটি  
পাংশা, রাজবাড়ী।